

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৮২.১৭.৪৮

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৪  
১৯ডিসেম্বর ২০১৭

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব খন্দকার সিরাজুল ইসলাম (১৫৫১৫), সহকারি অধ্যাপক (হিসাববিজ্ঞান), দৈশ্বরদী সরকারি কলেজ, পাবনা অধ্যক্ষ-কে ২০ কোটি টাকার সমর্পণ মানহানি লিগ্যাল নোটিশ প্রদান করেন। লিগ্যাল নোটিশের সকল অভিযোগ অসত্য, বানোয়াট ও মনগড়া যা চাকরি বিধির পরিপন্থী ও গ্রন্থত্যপূর্ণ আচরণের বহিঃপ্রকাশের অভিযোগ উত্থাপিত হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন "চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১)বি ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনুনি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

ক্ষেত্ৰিক

০৭.১২.২০১৭

(মোৎ সোহরাব হোসাইন)

সচিব

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

বর্তমান কর্মস্থল:

জনাব খন্দকার সিরাজুল ইসলাম (১৫৫১৫)

সহকারি অধ্যাপক (হিসাববিজ্ঞান), দৈশ্বরদী সরকারি কলেজ, পাবনা।

স্থায়ী ঠিকানা:

জনাব খন্দকার সিরাজুল ইসলাম

পিতা: খন্দকার আব্দুল মোমিন

গ্রাম-গাবগাছি, ডাকঘর: কাদেয়া

থানা- সুজানগর, জেলা- পাবনা।

অনুলিপি:

১/১ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২/১ সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

যেহেতু, জনাব খন্দকার সিরাজুল ইসলাম (১৫৫১৫), সহকারি অধ্যাপক (হিসাববিজ্ঞান), ঈশ্বরদী সরকারি কলেজ, পাবনা অধ্যক্ষ-কে ২০ কোটি টাকার সমর্পণ মানহানি লিগ্যাল নোটিশ প্রদান করেন। লিগ্যাল নোটিশের সকল অভিযোগ অসত্য, বানোয়াট ও মনগড়া যা চাকরি বিধির পরিপন্থী ও ঔদ্ধত্যপূর্ণ আচরণের বহিঃপ্রকাশের অভিযোগ উত্থাপিত হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব খন্দকার সিরাজুল ইসলাম (১৫৫১৫), সহকারি অধ্যাপক (হিসাববিজ্ঞান), ঈশ্বরদী সরকারি কলেজ, পাবনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

আইচৰ

০৭.১২.২০১৭  
(মোঃ সোহরাব হোসাইন)  
সচিব